রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১১, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিচার শাখা-৪ ।

## প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে আশ্বিন ১৪০৮/১১ই অক্টোবর ২০০১

এস, আর, ও নং ২৮৩-আইন/২০০১।—জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ (২০০০ সনের ৭নং আইন) এর ধারা ২২এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ১০-১১-১৪০৬ বাংলা মোতাবেক ২২-০২-২০০০ তারিখের এস, আর, ও নং ৫১-আইন/২০০০ দ্বারা জারীকৃত প্রজ্ঞাপন নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উক্ত প্রজ্ঞাপনের তফসিলের ক্রমিক নং ১ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| জেলার নাম | ট্রাইব্যুনালের নাম | ট্রাইব্যুনালের অবস্থান | ট্রাইব্যুনালের এখতিয়ার |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| চট্টগ্রাম | জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, চট্টগ্রাম-১ | চট্টগ্রাম জেলা সদর | কোতয়ালী, ডবলমুরীং, পাহাড়তলী, বন্দর, কর্ণফুলী, চান্দগাও, খুলশী, বাকলিয়া, বায়োজিদবোস্তামী, পাঁচলাইশ। |
| চট্টগ্রাম | জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, চট্টগ্রাম-২ | চট্টগ্রাম জেলা সদর | মিরেরশ্বরাই, ফটিকছড়ি, হাটহাজারী, রাউজান, সন্দ্বীপ, সীতাকুন্ডু, আনোয়ারা, বাঁশখালী, চন্দনাইশ, পটিয়া ও রাংগুনিয়া। |



মূল্য ঃ টাকা ১.০০

২। এই প্রজ্ঞাপন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে চট্টগ্রাম জেলার জন্য বিদ্যমান "জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল" প্রজ্ঞাপন কার্যকর হইবার সংগে সংগে জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, চট্টগ্রাম-১ রূপে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মুহাঃ মাহাবুদ্দিন
উপ-সচিব (প্রশাসন)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।